২-৫

**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হইবে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
গবেষণা ও সমন্বয়

স্মারক নং স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.১৪.০১৩.১৭.৪৮ তারিখ: ১২বৈশাখ ১৪২৫
২৫ এপ্রিল ২০১৮খ্রি.

বিষয় : "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পের আওতায় প্যাকেজ- ৫ (রাঙ্গুনিয়া উপজেলা, জেলা-চট্টগ্রাম, রামু উপজেলা,জেলা-কক্সবাজার এর জন্য নিযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Final Plan এর উপর Technical Management Committee (TMC) এর গত ১৯-০৪-২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

সভার তারিখ ১৯/০৪/২০১৮খ্রি.।

সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকায় ।

স্থানঃ সেমিনার কক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর ।

উপস্থিতি : উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" সদয় দ্রস্টব্য ।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় সভার কাজ শুরু করার জন্য প্রকল্প পরিচালককে আহ্বান জানান । প্রকল্প পরিচালক সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। পরিচয় পর্ব সম্পন্ন হওয়ার পর তিনি Final Plan সম্পর্কে সম্যক ধারণা উপস্থাপন করার জন্য প্যাকেজ-০৫ এর টিম লিডার ড. মো: মাকসুদুর রহমান কে আহবান জানান।

৩। জনাব ড. মো: মাকসুদুর রহমান প্রকল্পের Final Plan এর মূল বিষয়গুলো সংক্ষিপ্ত ভাবে Power Point এর মাধ্যমে সচিত্র উপস্থাপন করেন। তিনি ১৪ উপজেলা প্রকল্পের প্যাকেজ-০৫ প্রকল্প এলাকা অর্থাৎ রাঙ্গুনিয়া উপজেলা, জেলা-চট্টগ্রাম এবং রামু উপজেলা,জেলা-কক্সবাজার এর জন্য প্রণীত পাঁচ স্তর বিশিষ্ট উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে প্রতিটি উপজেলার উন্নয়ন পরিকল্পনার Vision, Objectives, Upazila at a Glance, Regional Context of Upazila, Projected Population, 5 Tiers of Development Plan, Plan Preparation Methodology, Conducted Surveys, Existing Land Use, Existing Road Network, Cropping Pattern, DEM, Inundation Map, Agricultural Land Suitability, Geological Land Suitability, Land Suitable for Human Settllement, Urban Land Suitability, PRA Analysis, Planning Standard, Stakeholder Consultation meeting & Workshop, Public Hearing, Sub Regional Plan, Structure Plan, Proposed Urban Area Plan, Proposed Rural Area Plan, Drainage Plan, Road Network Plan, Contingency Plan, Action Area Plan, Development Project scheme এর list তফসিল সহ উপস্থাপন করেন। তিনি SDG এর ১৭ টি Goal এর সাথে অত্র প্যাকেজের Contribution তুলে ধরেন।

অতঃপর পরামর্শক প্রতিষ্ঠানের পরিকল্পনাবিদ জনাব কাউসার উদ্দীন প্রতিটি প্রস্তাবনার দাগসূচীসহ প্রস্তাবনার যৌক্তিকতা GIS database এর মাধ্যমে তুলে ধরেন। তিনি Public Hearing ও Consultation Meeting এর মতামতও কিভাবে Final Plan এ address করা হয়েছে তা সভায় ব্যাখ্যা করেন।

অতঃপর সভাপতি মহোদয় সকল TMC সদস্যদের উত্থাপিত Final Plan এর উপর তাদের মতামত আহবান করেন ।

৪। Local Government Engineering Department (LGED) এর প্রতিনিধি সহকারী প্রকৌশলী সোহানা পারভীন বলেন যে, উপস্থাপিত মহাপরিকল্পনাটি প্রণয়নের শুরু থেকে শেষ পর্যন্ত LGED এর প্রতিনিধি হিসাবে প্রতিটি TMC সভায় তিনি উপস্থিত ছিলেন। তথ্যসমৃদ্ধ একটি সুন্দর পরিকল্পনা প্রণয়নের জন্য তিনি নগর উন্নয়ন অধিদপ্তর সহ পরামর্শক প্রতিষ্ঠানের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন যে, প্ল্যানটি SDG এর ১৭ (সতের) টি Goal এর বিভিন্ন Target গুলো কিভাবে এ মহাপরিকল্পনায় সম্পৃক্ত তা আরো ভালোভাবে পরিসংখ্যানসহ উল্লেখ করতে হবে। তিনি এ পরিকল্পনায় SDG এর ১৭ (সতের) টি Goal এর বিভিন্ন Target গুলোর সাথে প্রস্তাবনায় কত জনসংখ্যা ,কতটুকু জায়গা সে সমস্ত বিষয়গুলো Quantify করার উপদেশ দেন। এ প্রেক্ষিতে টিম লিডার উল্লেখিত মতামত গুলোকে বিবেচনায় নিয়ে কাজ করা হবে বলে সভাকে আশ্বস্ত করেন।

৫। Survey of Bangladesh (SOB ) এর প্রতিনিধি জনাব শফিকুর রহমান, উপ-পরিচালক (জরিপ ) বলেন যে, সরকারী অন্যান্য ম্যাপিং দপ্তরের ন্যায় ১৪ উপজেলা প্রকল্পে যেন একই Legend, Colour, BUTM এর ব্যবহার করা হয় যাতে সরকারী অন্যান্য সংস্থাগুলো ১৪ উপজেলার ডাটা ব্যবহার করতে পারে। এ প্রেক্ষিতে প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের শুরুতেই আমরা বাংলাদেশের বিভিন্ন সরকারি সংস্থা ও আর্ন্তজাতিকভাবে স্বীকৃত Legend, Colour এ প্রকল্পের সকল প্যাকেজের জন্য Fixed করে দেয়া হয়েছে। **SOB** এর প্রতিনিধি প্রস্তাব করেন যে, ১৪ উপজেলা প্রকল্পের প্রকল্প এলাকাগুলোতে Technical Management Committee (TMC) সদস্যগণকে এলাকা পরিদর্শন করে প্রস্তাবিত জায়গাগুলো দেখার ব্যবস্থা করা হয়। এ প্রেক্ষিতে উপস্থিত অন্য সকল সদস্যগণও একমত পোষণ করেন। এ বিষয়ে পরিচালক মহোদয় প্রকল্পের প্রকল্প পরিচালকে ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করেন। SOB এর প্রতিনিধি আরও বলেন যে, প্রকল্প শেষে সকল প্যাকেজের ডাটা বেইজ ও রির্পোট যেন প্রত্যেক Technical Management Committee (TMC) এর সদস্যকে প্রদান করা হয়। পরিচালক মহোদয় প্রকল্প পরিচালককে প্রকল্প শেষে সকল ডাটা বেইজ ও রির্পোট TMC এর সদস্যকে পাঠানো নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৬। Bangladesh Inland Water Transport Authority (BIWTA) এর প্রতিনিধি জনাব লতিফা জাহান,সহকারী প্রকৌশলী বলেন যে,প্যাকেজ-৫ এর দুটি উপজেলাই পাহাড় বেষ্টিত, তাই এখানে বিশুদ্ধ খাবার পানির জন্য কি ব্যবস্থা করা রাখা হয়েছে তা জানতে চান। এ প্রেক্ষিতে টিম লিডার সভাকে অবহিত করেন যে, রাঙ্গুনিয়া উপজেলায় কর্ণফুলী নদী তীরে চট্টগ্রাম শহরে বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে JICA এর অর্থায়নে একটি Water Treatment Plant এর জন্যে কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে কিন্তু উক্ত Water Treatment Plant থেকে রাঙ্গুনিয়া পৌরসভাবাসী কিংবা উপজেলাবাসী কে পানি সরবরাহ করা হয় না। এ প্রেক্ষিতে পরিচালক মহোদয় বলেন যে, রাঙ্গুনিয়া ও রামু উপজেলা পানি সরবরাহ করার জন্য একটি ওভার হেড ট্যাংক স্থাপন করার জন্য ফাইনাল প্ল্যানে জায়গা চিহ্নিত করে রাখতে হবে যাতে ভবিষ্যতে রাঙ্গুনিয়া পৌরবাসীকে পাইপ দিয়ে পানি সরবরাহ করা যায়। লতিফা জাহান আরও বলেন যে, এ প্ল্যানটির মেয়াদ যেহেতু ২০বছর তাই আগামী প্রজন্মের কথা চিন্তা করে শিক্ষা,স্বাস্থ্য ও স্যানিটেশনের জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে। টিম লিডার নতুন প্রস্তাবিত শিক্ষা ও স্বাস্থ্য সংক্রান্ত ফেসিলিটির জন্য প্রস্তাবিত স্থান গুলো জিআইএস ম্যাপে দেখান। এতে তিনি সন্তোষ্টি প্রকাশ করেন।

৭। Roads and Highways Department (RHD) এর প্রতিনিধি জনাব ফাতেমা সানি আদৃতা, উপ-বিভাগীয় প্রকৌশলী পরিকল্পনায় নতুন কোন রাস্তার প্রস্তাবনা আছে কি-না তা জানতে চান। প্ল্যানার জনাব কাউসার উদ্দীন রামু উপজেলার নতুন প্রস্তাবিত বাইপাস ও রাস্তা প্রশস্তকরনের প্রস্তাবনা গুলো এবং নতুন ব্রীজ কালভার্ট এর প্রস্তাবনা গুলো GIS database এর মাধ্যমে উপস্থাপন করে দেখান। তিনি একইভাবে রাঙ্গুনিয়া উপজেলার জন্য প্রস্তাবিত রোড-নেট ওয়ার্ক দেখান। উপস্থিত সকলে প্রস্তাবনার সাথে একমত পোষণ করেন।তিনি পাহাড় কেটে বন উজাড় করার ফলে পরিবেশের উপর কি ধরণের প্রভাব পড়বে তা জানতে চান। প্রকল্পের টিম লিডার এ প্রেক্ষিতে বলেন, পরিচালক মহোদয়ের নির্দেশনায় পাহাড় এর ৫% Slope ধরে No Development Zone প্রস্তাবনা করা হয়েছে।

৮। Bangladesh Railway (BR) এর প্রতিনিধি জনাব মোঃ সুলতান আলী ,উপ-পরিচালক (ভূ -সম্পত্তি) জানতে চান যে, রাঙ্গুনিয়া উপজেলায় কোন রেলস্টেশন এর প্রস্তাবনা আছে কি-না ? তিনি সভাকে জানান যে, বাংলাদেশ রেলওয়ের পরিকল্পনা আছে যে,

লাদেশের সকল উপজেলা পর্যন্ত রেল স্টেশন স্থাপন করা। তিনি এ পরিকল্পনায় রাঙ্গুনিয়া উপজেলায় একটি রেলস্টেশনের জন্য প্রস্তাবনা রাখার পরামর্শন দেন। এ প্রেক্ষিতে পরিচালক মহোদয় রাঙ্গুনিয়া উপজেলার GIS database বিবেচনা করে চন্দ্রঘোনা ইউনিয়নে রাসেল এভিয়েরি পার্কের সংন্নিকটে একটি রেলষ্টেশনের জন্য জায়গা বিবেচনা করতে বলেন। এ বিষয়ে টিম লিডার ও আরবান প্ল্যানার সহ উপস্থিত TMC এর সকল সদস্য একমত পোষন করেন। তাছাড়া রামু উপজেলার প্রস্তাবিত রেল স্টেশনের লোকেশন প্ল্যানে সঠিক আছে কি-না তা দেখার জন্য রেলওয়ের প্রতিনিধিকে অনুরোধ করেন প্রকল্প ব্যবস্থাপক জনাব শফিকুল ইসলাম খান। B.R এর প্রতিনিধি জনাব মোঃ সুলতান আলী রামু উপজেলার প্রস্তাবিত রেল স্টেশনের লোকেশন প্ল্যানে সঠিক আছে মর্মে সভাকে জানান। তিনি বলেন যে,আগামী ২০ (বিশ) বছরের চিন্তা মাথায় রেখে Transport Facilities বাড়িয়ে রাখা প্রয়োজন। পাশাপাশি Utility Service গুলোকেও যুগোপযোগি করার জন্য জোর দেন। এ সংক্রান্ত সুযোগ সুবিধা বৃদ্ধি করতে হবে। তিনি Population Density অনুযায়ী Urban Facilities এর Proposal প্রণয়নের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি Waste Disposal এর জন্য কি ব্যবস্থা রাখা হয়েছে তা জানতে চান। এ প্রেক্ষিতে প্ল্যানার কাউসার দুটি উপজেলার GIS file এ Waste Disposal Site এর মৌজার দাগ নম্বরসহ প্রস্তাবিত স্থান দেখান।B.R এর প্রতিনিধি আরও জানতে চান যে, উপস্থাপিত দুটি উপজেলার মাটির নীচের সম্পদ বিশেষ করে খনিজ সম্পদ বিষয়ে কোন Study করা হয়েছে কিনা? এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক জনাব শাহীন আহম্মেদ সভাকে অবহিত করেন যে, খনিজ সম্পদ বিষয়ে কোন Study করার জন্য কোন Component DPP তে ধরা হয়নি তবে প্রকল্প এলাকার দুইটি উপজেলায় ৩০মিটার (১০০ ফুট) মাটির নীচের অবস্থা জানার জন্য Geological Survey করা হয়েছে। উক্ত Geological Survey থেকে জানা যায় যে, প্যাকেজের অর্ন্তভুক্ত দুটি উপজেলায় কোন খনিজ পদার্থের সন্ধান পাওয়া যায়নি।

৯। Water Resources Planning Organization (WARPO) এর প্রতিনিধি ড. আমিনুল হক, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা সভাকে জানান যে,প্রতিটি মাস্টার প্ল্যান/মহাপরিকল্পনা অবশ্যই Environmental Friendly, Economically Viable এবং Socially Acceptable হতে হবে। কেবলমাত্র তখনই মহাপরিকল্পনাটি Sustainable হবে। তিনি মহাপরিকল্পনাটির Implementation Mechanism এর বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি Communication এর ক্ষেত্রে সম্ভাব্য Waterway কে Enhance করার বিষয়ে জোর দেন যাতে Road এর উপর অতিরিক্ত চাপ না পড়ে। তিনি Drainage Plan সম্পর্কে জানতে চাইলে পরামর্শক প্রতিষ্ঠানের Hydrologist জনাব আদিবুল আবেদীন জি. আই.এস File এ দুইটি উপজেলার জন্য প্রণীত Drainage Plan উপস্থাপন করেন। প্ল্যান Implementation Mechanism এর বিষয়ে পরিচালক মহোদয় সভাকে জানান যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত নগর ও অঞ্চল পরিকল্পনা আইনটি অনুমোদিত হলে এ প্ল্যান বাস্তবায়ন সহজতর হবে। প্রকল্প পরিচালক এ প্রসঙ্গে সভাকে জানান যে, স্থানীয় পর্যায়ে কর্মরত সরকারী সংস্থাগুলো তাদের বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়নে এই মহাপরিকল্পনা হতে Guideline পাবেন। এমনকি DPP/Scheme প্রণয়নে Action Area Plan নিয়ে এখনই কাজ শুরু করতে পারেন।

১০। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব মো:নজরুল ইসলাম,সিনিয়র সহকারী প্রধান বলেন যে, প্রকল্পটি এ অর্থ-বছরে শেষ হবার লক্ষ্যে সকল কাজ শেষ করা হয়েছে কি-না? এ প্রেক্ষিতে প্রকল্প পরিচালক সভাকে জানান যে সব কাজ শেষ করে এ অর্থ-বছরেই প্রকল্পটি শেষ হবে। তিনি সময় মত কাজ শেষ করে প্রকল্পটি শেষ করার জন্য অনুরোধ করেন। প্যাকেজ-৫ এর উপস্থাপনা দেখে তিনি সন্তোষ্টি প্রকাশ করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

১১। পরিচালক মহোদয় বলেন যে,কৃষি জমি কোন ভাবেই বিনষ্ট করা যাবে না। তিনি আরও বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নিদের্শনা/ অনুশাসন সমূহ যেমন প্রতিটি উপজেলায় মিনি স্টেডিয়াম,মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনসহ অন্যান্য সকল নিদের্শনা সমূহ মহাপরিকল্পনায় অর্ন্তভুক্ত করতে হবে। প্রতিটি উপজেলার জন্য প্রস্তাবিত প্ল্যানে Renewable Energy এর জন্য Solar Park এবং Rainwater Harvesting এর প্রস্তাবনা রাখার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

পরিচালক মহোদয় নির্দেশনা দেন যে, নদীর ভাঙ্গন প্রবণ এলাকাতে Embankment cum Road প্রস্তাবনা থাকতে হবে এবং Road এর দুইধারে গাছ লাগিয়ে Green Belt করার প্রস্তাবনাও দিতে হবে।

তিনি প্ল্যান বাস্তবায়নে ভূমি অধিগ্রহণ একটি জটিল বিষয় বলে সভাকে জানান। ভূমি অধিগ্রহণের বিষয়ে পরিচালক মহোদয় বলেন প্ল্যান বুকে বিধি মোতাবেক Compensation দেওয়ার বিষয়টির সুস্পস্টভাবে উল্লেখ থাকবে হবে। পরিচালক মহোদয় আরো বলেন যে, দুইটি উপজেলাতেই Multistoried Building এর Vulnerability Assessment করা হয়েছে। Earthquake Sensitive ভবনগুলোর ডাটাবেইজ করে পরবর্তীতে উপজেলা প্রশাসন ও দূযোর্গ ব্যবস্থাপনা অধিদপ্তরকে চিঠির মাধ্যমে অবহিত করার ব্যবস্থা করতে হবে।তিনি আরও বলেন যে, Consultation ও গণশুনানি থেকে প্রাপ্ত মতামতগুলোকে আরও সুস্পস্টভাবে Address করা করতে হবে এবং যেগুলো Management/Administrative Issueর কারণে Address /বাস্তবায়ন করা সম্ভবপর হয়নি রির্পোটে সেগুলো চিহ্নিত করে বলে দিতে হবে Management/Administrative Issue জনিত কারনে বাস্তবায়ন করা সম্ভবপর হয়নি, যেমন ইউনিয়ন পরিষদের সীমানাজনিত সমস্যা।

পরিচালক মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, রাঙ্গুনিয়া ও রামু উপজেলা দুটিতে প্রচুর ইট ভাটা বিদ্যমান রয়েছে যা পরিবেশের ক্ষতি সাধন করছে। প্রতিটি উপজেলার জন্য যে কয়টি ইট ভাটা লাগবে তা হিসাব করে অন্য সকল ইট ভাটার স্থানগুলোকে সামাঞ্জ্যপূর্ণ ভূমি ব্যবহারে আনতে হবে এবং উপজেলা শহরের ইটভাটা গুলোকে Green Brick Field করে Final Plan এ চিহ্নিত করে দিতে হবে।

পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার পরিচালক মহোদয়ের নিদের্শনা গুলোকে বিশেষ বিবেচনায় নিয়ে তা Final Plan এ অর্ন্তভুক্ত করবেন বলে সভাকে আশ্বস্ত করেন।

১২। এ পর্যায়ে সভাপতি মহোদয় সকল সদস্যগণকে সুচিন্তিত মতামত প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সবশেষে প্রকল্প পরিচালক উপর্যুক্ত সংশোধনীসমূহ অর্ন্তভূক্তি সাপেক্ষে Final Plan টি গ্রহণ করা যেতে পারে কিনা তা সকল TMC সদস্যদের উদ্দেশ্যে জানতে চান। এ বিষয়ে সকল সদস্য Final Plan গ্রহণে একমত পোষণ করেন।

**<u>সিদ্ধান্ত সমূহঃ</u>**

১। প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপক আলোচনায় সুপারিশকৃত সংশোধনীসমূহ Final Plan এ এসেছে কি-না তা নিশ্চিত করবেন।

২। দুইটি উপজেলার জন্যই Land Use অনুযায়ী মৌজার তফসিল তৈরী করতে হবে।

৩। প্রকল্প শেষে প্রকল্পের সকল ডাটা বেইজ ও রির্পোট প্রত্যেক Technical Management Committee (TMC) এর সদস্যকে প্রদান করতে হবে।

৪।Technical Management Committee (TMC) এর সদস্যদেরকে প্রকল্প এলাকায় সাইট ভিজিটের ব্যবস্থা করতে হবে।

৫। সংশোধনীসমূহ অর্ন্তভূক্তি সাপেক্ষে Final Plan অনুমোদন করা হ'ল।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আবার ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

03.05.2018

(ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক)
পরিচালক
ও
সভাপতি, TMC কমিটি
"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" প্রকল্প
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.১৪.০১৩.১৭.৪৮ তারিখ: ১২বৈশাখ ১৪২৫
২৫ এপ্রিল ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
২) উপজেলা চেয়ারম্যান ,রামু উপজেলা, কক্সবাজার /রাঙ্গুনিয়া উপজেলা ,চট্টগ্রাম।
৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা,রামু উপজেলা, কক্সবাজার /রাঙ্গুনিয়া উপজেলা,চট্টগ্রাম।
৪) রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয় , কক্সবাজার।
৫) রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয় , চট্টগ্রাম।
৬) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৭) শফিকুল ইসলাম খান , সমাজবিজ্ঞানী ও প্রকল্প ব্যবস্থাপক-৫, নগর উন্নয়ন অধিদপ্তর।
৮) জনাব ড. আমিনুল ওয়ারপো ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২১৩।
৯) জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রোগ্রাম সমন্বয়কারী,পরিবেশ অধিদপ্তর,পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও,শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১০) আবুল বাকের মোঃ তৌহিদ, সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন, ভৌত অবকাঠামো বিভাগ, ভৌত পরিকল্পনা,পানি সরবরাহ ও গৃহায়ন উইং-১, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
১১) প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারী অফিস ভবন,সেগুনবাগিচা, ঢাকা।
১২) মো: সুলতান আলী , উপ-পরিচালক (ভূ-সম্পত্তি), বাংলাদেশ রেলওয়ে ভবন, ঢাকা।
১৩) জনাব মোঃ শফিকুর রহমান, উপ-পরিচালক (জরিপ), বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
১৪) মোছা: লতিফা জাহান, সহকারী প্রকৌশলী, ঢাকা ডিভিশন, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা ,বাংলাদেশ অভ্যান্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা-১০০০।
১৫) জনাব মো:নজরুল ইসলাম , সিনিয়র সহকারী প্রধান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ।
১৬) ফাতেমা সানি আদৃতা, উপ-বিভাগীয় প্রকৌশলী , পরিকল্পনা উপ-বিভাগ-২ সড়ক ভবন, তেজগাঁও, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা-১২০৮।
১৭) সোহানা পারভীন, , সহকারী প্রকৌশলী , প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন ইউনিট,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর ঢাকা-১২০৭।
১৮) মো: জাকির হোসেন , উপজেলা প্রকৌশলী (এলজিইডি), রামু, রামু উপজেলা, কক্সবাজার।
১৯) মো: দিদারুল আলম, উপজেলা প্রকৌশলী, রাঙ্গুনিয়া উপজেলা, চট্রগ্রাম।
২০) মো: শফিকুল ইসলাম , সহকারী প্রকৌশলী, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্রগ্রাম।
২১) হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
২২) ব্যবস্থাপনা পরিচালক, হাউজ অব কনসালটেন্টস লি. (এইচ.সি.এল) বাড়ী নং-বি-৩৩০(২য় তলা). রোড নং-২২, ডি ও এইচএস,মহাখালী, ঢাকা- ১২০৬।
২৩) টিম লিডার,, প্যাকেজ-৫, অব কনসালটেন্টস লি. (এইচ.সি.এল) বাড়ী নং-বি-৩৩০(২য় তলা). রোড নং-২২, ডি ও এইচএস,মহাখালী, ঢাকা- ১২০৬।
২৪) প্রকল্প পরিচালকের মাষ্টার ফাইল, নগর উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
২৫) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর ।
২৬) অফিস কপি।

জনাব শফিকুল ইসলাম খান
সমাজবিজ্ঞানী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.udd.gov.bd
ই-মেইলঃ director.udd1965@gmail.com
ফ্যাক্সঃ ৯৫৫৭৮৬৮

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" প্রকল্পের প্যাকেজ নং- ০৫ (রামু উপজেলা, জেলা- কক্সবাজার, রাঙ্গুনিয়া উপজেলা, জেলা- চট্টগ্রাম) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Final Plan এর উপর ১৯-০৪-২০১৮ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত Technical Management Committee (TMC) এর সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠান / সংস্থার নাম | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১. | ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক<br>পরিচালক | UDD | 01711104467 | director@udd.gov.bd | [signature] 19/04/18 |
| ০২. | আশিক আহমেদ<br>সি. প্ল্যানার ও PD-14 Upazila | UDD | 01777-400-959 | ashaleen1192@gmail.com | [signature] |
| ০৩. | মোঃ শফিকুর রহমান<br>উপ-পরিচালক (জরিপ) | বাংলাদেশ জরিপ অধি: | 01711229848 | shafiq_sob@yahoo.com | [signature] |
| ০৪. | সোহানা-পারভীন<br>সহকারী প্রকৌশলী | এলজিইডি | 01775986882 | shohansrc@yahoo.com | [signature] |
| ০৫. | ফাতেমা সানি আদৃতা<br>উপ-বিভাগীয় প্রকৌশলী | সওজ | 01730782529 | adrita.rhd@gmail.com | [signature] |
| ০৬. | মোসাঃ লতিফা আহসান<br>সহকারী প্রকৌশলী | বিআইডব্লিউটিএ | 01712018273 | latifa BIWTA@gmail.com | [signature] 19/4/18 |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.udd.gov.bd
ই-মেইলঃ director.udd1965@gmail.com
ফ্যাক্সঃ ৯৫৫৭৮৬৮

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" প্রকল্পের প্যাকেজ নং- ০৫ (রামু উপজেলা, জেলা- কক্সবাজার, রাঙ্গুনিয়া উপজেলা, জেলা-চট্টগ্রাম) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Final Plan এর উপর ১৯-০৪-২০১৮ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত Technical Management Committee (TMC) এর সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠান / সংস্থার নাম | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০৭. | মোঃ নজরুল ইসলাম<br>সিনি. সহ. প্রধান | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | 01714223947 | nazrulpb@yahoo.com | [signature] 19.04.2018 |
| ০৮. | মোঃ সুলতান আলী<br>উপ পরিচালক (ভূ-সম্পত্তি) | বাংলাদেশ রেলওয়ে | 01711-692940 | ddestate@railway.gov.bd | [signature] 19.04.18 |
| ০৯. | ড. মামিনুল হক<br>PSO | WARPO | 01818172149 | maminul05@yahoo.com | [signature] |
| ১০. | শফিকুল ইসলাম খান<br>সমাজবিজ্ঞানী ও প্র.ব্য.-৫<br>১৪ উপজেলা প্রকল্প, | U.D.D | 01712-245230 | Shafiq_sociologist.udd@yahoo.com | [signature] 19/4/18 |
| ১১. | | | | | |
| ১২. | | | | | |

2/2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.udd.gov.bd
ই-মেইলঃ director.udd1965@gmail.com
ফ্যাক্সঃ ৯৫৫৭৮৬৮

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" প্রকল্পের প্যাকেজ নং- ০৫ (রামু উপজেলা, জেলা- কক্সবাজার, রাঙ্গুনিয়া উপজেলা, জেলা- চট্টগ্রাম) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Final Plan এর উপর ১৯-০৪-২০১৮ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত Technical Management Committee (TMC) এর সভায় উপস্থিত পরামর্শক প্রতিষ্ঠানের বিশেষজ্ঞদের উপস্থিতির তালিকা ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | ড. মোঃ মাহফুজুর রহমান | টিম লিডার প্যাকেজ-৫ | ০১৭১২৪৬৪৭৬৭ | mmrahman2000bd@yahoo.com | [signature] |
| ৪. | ড. এস. আদিবুল আবেদীন | হাইড্রোলজিস্ট | ০১৭৪৮০১১৬৮১ | adibul.abedin@gmail.com | [signature] |
| ৫. | মোঃ কাওসার উদ্দীন | Urban Planner, HCL | ০১৭৫৩৩৫৭৮০১ | kawseruddin@yahoo.com | Kawser |
| ৬. | ফাতেমা আফরিন | Urban Planner, HCL | ০১৭০১৮২৭৭৭৭ | loba_ctg08@yahoo.com | Fatema |
| ৭. | সুমাইয়া তাসমীম মিস্টি | Urban Planner, HCL | ০১৬৮১৪৭১৭২৪ | plnrmisty@gmail.com | Misty |
| ৮. | মোঃ আশরাফুজ্জামান উদ্দীন | GM (HCL) | ০১৭৭৭৪১১১২১ | md.ashrafhera@yahoo.com | [signature] |
| ৯. | | | | | |
| ১০. | | | | | |
| ১১. | | | | | |
| ১২. | | | | | |
| ১৩. | | | | | |